

ফেনীতে যুবক খুন ॥ ছাত্রলীগ কর্মীর হাত পা ভেঙ্গে দিয়েছে সন্ত্রাসীরা

ফেনী, ৫ এপ্রিল, নিজস্ব সংবাদদাতা ॥ ফেনীতে বৃহস্পতিবার রাতে সন্ত্রাসীরা এক যুবকের গলায় গুলি করে খুন করেছে। অপর দিকে সন্ত্রাসীরা ছাত্রলীগ কর্মী কফিলকে অপহরণ করে নির্মমভাবে পিটিয়ে হাত-পা ভেঙ্গে দিয়েছে। পুলিশ ও পারিবারিক সূত্র জানায় সদর থানার কাঁতালিয়া গ্রামের রবিউল হকের পুত্র নুরুল হুদা সবুজ (২০) শুক্রবার তার বড় ভাইয়ের বিয়ের অনুষ্ঠানে সাজসজ্জা করছিল। বৃহস্পতিবার রাত সাড়ে ১০টার দিকে ৮/১০ জন সন্ত্রাসী সবুজকে ডেকে স্থানীয় কাঁতালিয়া নতুন মসজিদের কাছে নিয়ে যায়। সবুজের গলায় বন্দুক ঠেকিয়ে গুলি করে সন্ত্রাসীরা পালিয়ে যায়। আত্মীয়স্বজন সবুজকে দ্রুত ফেনী সদর হাসপাতালে জরুরী বিভাগে নিয়ে যায়। কর্তব্যরত চিকিৎসক রাত ১১টায় সবুজকে মৃত বলে জানান। শুক্রবার ফেনী হাসপাতাল মর্গে সবুজের ময়নাতদন্ত হয়েছে। ময়নাতদন্তকারী ডাক্তার সরোয়ার জাহান জনকণ্ঠকে জানান, সবুজের কণ্ঠনালী থেকে একটি কার্তুজের অংশ ও ২০টি পেলেট বের করে

পুলিশের হাতে দিয়েছেন। সবুজ হত্যার ব্যাপারে ফেনী থানায় মামলা হয়েছে। হত্যাকাণ্ডের মূল কারণ জানা যায়নি। অপর দিকে একই সময়ে ফেনী শহর থেকে ছাত্রলীগ কর্মী কফিল উদ্দিন রানাকে (২১) সন্ত্রাসীরা অপহরণ করে অজ্ঞাত স্থানে নিয়ে যায়। রাত ১২টার দিকে পুলিশ ফেনী-বিগোনিয়া রেল লাইনের গীতাবাড়ী এলাকা থেকে হাত-পা ভাঙ্গা ও সংজ্ঞাহীন অবস্থায় রানাকে উদ্ধার করে। শুক্রবার সকালে তাকে ঢাকায় পাঠানো হয়েছে। রানা সদর থানার শিবপুর গ্রামের বেলাল আহমদের পুত্র।

ঘাটাইলে প্রতিমা ভাঙছে

টাঙ্গাইল থেকে নিজস্ব সংবাদদাতা জানান, টাঙ্গাইল জেলার ঘাটাইল থানার ঐতিহাসিক গুপ্তবৃন্দাবনে 'রাধা গোবিন্দ' মন্দিরে রাধা কৃষ্ণের প্রতিমা ভাঙছে হয়েছে। ৩১ মার্চ রাতে প্রতিমা ভাঙার ঘটনা ঘটে। একই দিন

(১১-পৃষ্ঠা ৪-এর কঃ দেখুন)

ফেনীতে যুবক খুন (১২-এর পাতার পর)

সকালে পূজা কমিটির সভাপতি আওয়ামী লীগ নে এবং ব্যবসায়ী আশীষ কুমার সাহাকে যুবদল কর্মীদের নেতৃত্বে বেদম মারপিট করা হয়। আশীষ মারাত্মক আহত অবস্থায় ময়মনসিংহ মেডিক্যাল কলেজে ভর্তি করা হয়েছে। এ দুটো ঘটনাকে কেন্দ্র করে বার্ষিক শ্রী তারকব্রহ্ম মহানামাযজ্ঞানুষ্ঠান ও কালী মাঘের পূজার্ট দুই দিনের উৎসব না হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে তবে সরকারী দলের নেতাকর্মীরা সেখানকার হিন্দু উৎসব উদ্‌যাপনের চাপ দিচ্ছে। কৃষক শ্রমিক জন লীগ সভাপতি কাদের সিদ্দিকী গুপ্তবৃন্দাবনে এ সমাবেশে বলেছেন, প্রতিমা ভাঙার ব্যাপারে আওয়ামী লীগ দায়ী। তারাই এ কাজে সিকহস্ত।